তারিখ ... 22 APR 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

কালের কণ্ঠ

# ভিকারুননিসায় গভর্নিং বডির নির্বাচন আজ

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির নির্বাচন আজ শনিবার। দীর্ঘ ৯ বছর পর প্রতিষ্ঠানটিতে এই নির্বাচন হচ্ছে। আজ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চার শাখায় একযোগে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটাররা ছয়জন অভিভাবক প্রতিনিধি ও তিনজন শিক্ষক প্রতিনিধি নির্বাচন করবেন।

জানা যায়, প্রতিষ্ঠানটির চারটি শাখায় ভোটারসংখ্যা প্রায় ২৩ হাজার। এর মধ্যে প্রধান ক্যাম্পাস বেইলি রোড শাখায় ভোটার প্রায় ১৩ হাজার, বসুন্ধরা শাখায় সাড়ে পাঁচ হাজার, ধানমণ্ডি শাখায় এক হাজার ৭০০ ও আজিমপুর শাখায় প্রায় দুই হাজার ৮০০ ভোটার। আর ৯টি পদের জন্য লড়ছেন ৪২ জন প্রার্থী। এর মধ্যে অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হবেন ছয়জন, যাঁদের মধ্যে উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক স্তরে দুজন করে, প্রাথমিক স্তরে একজন এবং একজন সংরক্ষিত নারী অভিভাবক সদস্য রয়েছেন। আর শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হবেন তিনজন। এর মধ্যে একজন কলেজ স্তরে, একজন বিদ্যালয় স্তরে এবং একজন সংরক্ষিত নারী সদস্য। নিয়ম অনুযায়ী ১১ সদস্যের পরিচালনা কমিটি হবে। এর মধ্যে অধ্যক্ষ পদাধিকারবলে সদস্যসচিব এবং আরেকজন বিদ্যোৎসাহী সদস্য থাকবেন। নির্বাচনের পর নির্বাচিত সদস্য অথবা বিদ্যোৎসাহী সদস্যের মধ্য থেকে একজন সভাপতি হবেন।